

আন্তর্জাতিক

ভয়াবহ তুষারধসে রাশিয়ায় নিহত ১১ পর্বতারোহী



প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৮ সেপ্টেম্বর ২০২৬, ০৮:৪৪ AM



রাশিয়ার উত্তর ককেশাস অঞ্চলে ৩৩ পর্বতারোহীর একটি দলের ওপর ভয়াবহ তুষারধসের ঘটনা ঘটেছে। এতে অন্তত ১১ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও ছয়জন।

রোববার (৬ সেপ্টেম্বর) স্থানীয় সময় বিকেল ৫টার দিকে উত্তর ককেশাসের অন্যতম সর্বোচ্চ শৃঙ্গ মিম্বিরগি পর্বত থেকে হঠাৎ তুষারধস নেমে আসে। এতে মুহূর্তের মধ্যে পর্বতারোহীদের দলটি তুষারের নিচে চাপা পড়ে।

স্থানীয় জরুরি পরিষেবা জানিয়েছে, সোমবার সকাল ৯টা পর্যন্ত ১০ জন পর্বতারোহী নিজেরাই পাহাড় থেকে নেমে আসতে সক্ষম হয়েছেন। তবে আরও ছয়জনের অবস্থান এখনো নিশ্চিত হওয়া যায়নি।

নিখোঁজদের উদ্ধারে ৫০ জনের বেশি জরুরি কর্মী কাজ করছেন। তবে দুর্গম পাহাড়ি এলাকা এবং যেকোনো সময় নতুন করে তুষারধসের আশঙ্কায় উদ্ধার অভিযান ব্যাহত হচ্ছে।

উদ্ধারকারীরা সতর্কতার সঙ্গে অভিযান চালাচ্ছেন বলে জানিয়েছে স্থানীয় জরুরি পরিষেবা।

সূত্র: সিএনএন

এ বিভাগের আরও খবর



কৃষ্ণ সাগরে তেলবাহী জাহাজে হামলা, ২৩ ভারতীয় নাবিক উদ্ধার
কৃষ্ণ সাগরে তেলবাহী একটি বাণিজ্যিক জাহাজে দ্রোণ হামলা হয়েছে। হামলার পর জাহাজটিতে আগুন ধরে যায়। সেখান থেকে ২৩ ভারতীয় নাবিককে অক্ষত অবস্থায় উদ...



আরও তীব্র হচ্ছে ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ, চাপে সরকার
ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ তীব্র আকার ধারণ করেছে। আজ মঙ্গলবার দেশটির বিভিন্ন শহরে বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকেরা।...



পদার্থে নোবেল পেলেন ফ্রান্সিস হেলজেন
চলতি বছর পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন বেলজিয়ামের পদার্থবিজ্ঞানী ফ্রান্সিস হেলজেন। সুইডেনের স্টকহোমে রয়্যাল সুইডিশ একাডেমি অব সায়েন্স...



কসো নদীতে নৌকা ডুবে ২২ জনের মৃত্যু

গণতান্ত্রিক প্রজাতন্ত্র কসো নদীতে দুটি নৌকার সংঘর্ষের পর একটি যাত্রীবাহী নৌকা ডুবে অন্তত ২২ জনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আরও বহু যাত্রী...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/bhyabh-tushardhse-rashiyay-niht-11-prbtarohi>